

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭তম জন্মবার্ষিকী উদযাপন

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আগামী ৩১শে বৈশাখ ১৪২৫, ১৫ই মে ২০১৮ তারিখ সোমবার বিকেল ৪.০০ ঘটিকায় শাহজাদপুর মহিলা ডিগ্রি কলেজে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয়ে (নবনির্মিত ভবনের ৪র্থ তলা) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৭তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে। আলোচনা সভায় প্রবন্ধ পাঠ করবেন, প্রখ্যাত শিক্ষাবিদ, প্রাবন্ধিক ও রবীন্দ্র গবেষক অধ্যাপক নাছিম উদ্দিন মালিথা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিরাজগঞ্জ ৬ আসনের মাননীয় সংসদসদস্য ও বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব হাসিবুর রহমান স্বপন। আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট শিক্ষাবিদ শাহজাদপুর উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আজাদ রহমান ও সাবেক অধ্যক্ষ জনাব মোঃ আব্দুল আজিজ প্রমুখ। সভায় সভাপতিত্ব করবেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ। সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ও স্থানীয় শিল্পীদের পরিবেশনায় থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান। আপনারা সবাক্ষব আমন্ত্রিত।